ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

<u>স-৯৮৯</u>

শান্তিরবাজার, ০২ জুন, ২০২৫

**শান্তিরবাজারে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক সভা অনুষ্ঠিত**

গতকাল শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ে মহকুমা প্রশাসনের উদ্যোগে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, বগাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণা রিয়াং, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় যাতে যুদ্ধকালীন তৎপরতায় মানুষের জীবন ও সম্পত্তি রক্ষা করা যায় সে বিষয়ে প্রত্যেক দপ্তরকে প্রস্তুত থাকার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

*****